

মেয়ে আজ সাথী মুখাজ্জী

আজকে চোখ মেলতে দেখি
আকাশ বড়ই নীল
দিগন্তজোড়া রোদের আলোয়
করছে সে ঝিলমিল।

মেয়ে আজ রাগ ভুলেছে
অধরে মিষ্টি হাসি
কলাকল কথার জাল
বুনছে অহর্নিশি।

মেয়ে আজ বেশ সেজেছে
রাগীসমা গর্বিতা
ললাটে তার চাঁদ উঠেছে
কে তুমি সূচরিতা।

মেয়ে আজ জল খেলছে
স্নিগ্ধ দেহবল্লরী
মেয়ে আজ ভালোবেসেছে
হরষিত কিশরী।।